

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইক্সট্রন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(২৭).১৭- ৫৫৭

তারিখ: ০২.০৮.২০১৭ খ্রি:

বিষয়: ভেঙ্গুলা ফাজিল মাদরাসার গভর্ণিং বিভিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) ভেঙ্গুলা ফাজিল মাদরাসার স্মারক নং- গভ/গঠন/বি/৯৮

তারিখ: ২৪.০৮.২০১৭ খ্রি:

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা/১৪৮/বিবি-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, ভেঙ্গুলা ফাজিল মাদরাসার গভর্ণিং বিভিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোচ্চ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিনি) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাচ্ছ ১ম ব্যক্তি জনাব মো: তোফাজ্জল হোসেন এইচ এস সি ডিহীধারী ব্যক্তি এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক। তিনি নিজ অর্থায়নে মাদরাসায় ০১টি আধা পাকা ঘর নির্মাণ করে দিয়েছেন, দরিদ্র শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ ও শিক্ষা উপকরণের পাশাপাশি শিক্ষা বৃত্তির ব্যবস্থা করেন, প্রতিষ্ঠানের উন্নয়ন কল্পে বাড়ি বাড়ি গিয়ে শিক্ষার্থী সংগ্রহের কাজে বিশেষ ভূমিকা রাখেন মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে। দীর্ঘ দিন শিক্ষকতার অভিজ্ঞতার আলোকে তিনি (জনাব মো: তোফাজ্জল হোসেন) বর্ণিত মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: তোফাজ্জল হোসেন) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, ভেঙ্গুলা ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোচ্চ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: তোফাজ্জল হোসেন, পিতা: মৃত আজমত আলী সরকার, গ্রাম: ঘোড়ামারা, ডাক: ভেঙ্গুলা, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল -কে উক্ত মাদরাসার গভর্ণিং বিভিতে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।


০২.০৮.১৭

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

ভেঙ্গুলা ফাজিল মাদরাসা, ডাক: ভেঙ্গুলা, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, লোকেরপাড়া ও এস.ফাজিল মাদরাসা, ডাক: ভেঙ্গুলা, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল।

৪. জনাব মো: তোফাজ্জল হোসেন, পিতা: মৃত আজমত আলী সরকার, গ্রাম: ঘোড়ামারা, ডাক: ভেঙ্গুলা, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল।

৫. অফিস কপি।